ভোরের কাগজ

৫৩

তারিখ MAR 01 2000
পৃষ্ঠা ৪ কলাম ৩

## এইচএসসি ২০০০

আমরা ২০০০ সালের এইচএসসি পরীক্ষার্থী। আমরা সেই অভাগা ছাত্র যাদের উচ্চ মাধ্যমিক পর্যায়েই শিক্ষাবর্ষ থেকে উধাও হয়ে গেছে ৩/৪ মাসের মহামূল্যবান সময়। তদুপরি নতুন ও বিশাল সিলেবাস হওয়ার কারণে প্রশ্ন বাছাই করা দুষ্কর হয়ে পড়েছে। সবমিলিয়ে আমরা এক করুণ পরিস্থিতিতে আছি। এই করুণ পরিস্থিতি থেকে কেউ আমাদের রক্ষা করুন তা আমরা বলছি না। বলছি না আমাদের হারিয়ে যাওয়া সময় ফিরিয়ে দিতে কিংবা পরীক্ষা পিছিয়ে সে ক্ষতি পুষিয়ে দিতে। কারণ, জীবন মানেই এক কঠিন সংগ্রাম। আর সে জীবন সংগ্রামে এরূপ পরিস্থিতির সম্মুখীন হওয়া অস্বাভাবিক কিছু নয়। তাই কর্তৃপক্ষের কাছে আমাদের একটাই আর্জি যেন আমাদের প্রতিটা পরীক্ষার আগে অন্তত দুএক দিনের ছুটি থাকে। যেন আমরা পরীক্ষা নামক সংগ্রামে যথেষ্ট মানসিক ও শারীরিক প্রস্তুতি নিয়ে অবতীর্ণ হতে পারি।

উৎপল চৌধুরী
নিউ গভ. ডিগ্রি কলেজ
রাজশাহী-৬০০০।